তারিখ ... 27 MAY 1991 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৭ ...

দৈনিক বাংলা

২২১

**সাধারণ ছাত্ররা হল ছেড়ে যাচ্ছে**

# ভার্সিটি কর্তৃপক্ষ আজ রাজনৈতিক নেতাদের সঙ্গে বৈঠকে বসছেন

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস এক বিস্ফোরণোন্মুখ পরিস্থিতির পরিপ্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আজ দেশের সকল রাজনৈতিক দলের প্রধানদের এক সভায় যোগ দিতে আহাবান জানিয়েছেন। এক মাস ধরে দুটি ছাত্র সংগঠনের মধ্যে প্রবল উত্তেজনা ও রেষারেষির ফলে ক্যাম্পাসে যে পরিস্থিতির সৃষ্টি হয়েছে সভায় মূলতঃ সে বিষয়েই আলোচনা হবে। আজ দুপুর বারোটায় প্রশাসনিক ভবনের সভাকক্ষে এ সভার আয়োজন করা হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের একটি, সূত্র জানি-

(৪-এর পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## ভার্সিটি কর্তৃপক্ষ আজ

(প্রথম পৃষ্ঠার পর)

য়েছে, বিএনপি, আওয়ামী লীগসহ সবক'টি প্রধান রাজনৈতিক দলের প্রধানদের সভায় ডাকা হয়েছে।

এদিকে ক্যাম্পাসে দু'টি প্রধান ছাত্র সংগঠনের মধ্যে উত্তেজনা অব্যাহত রয়েছে। পুলিশ পাহারা গতকালও ছিল। তবে তারা ছিল নিষ্ক্রিয়। হলে হলে বহিরাগত অস্ত্রধারীদের আনাগোনা আরও বেড়েছে। সংঘর্ষের আশংকায় এবং নিরাপত্তার অভাবে সাধারণ ছাত্ররা হল ছেড়ে চলে যাচ্ছে।

কেন্দ্রীয় পাঁচ দল বিশ্ববিদ্যালয়কে সন্ত্রাস ও অস্ত্রমুক্ত করার লক্ষ্যে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ রাজনৈতিক দলসমূহের সঙ্গে বৈঠক অনুষ্ঠানের যে উদ্যোগ নিয়েছে তাকে অভিনন্দন জানিয়েছে। গতকাল জোটের সভায় বিশ্ববিদ্যালয়কে সন্ত্রাসমুক্ত করার লক্ষ্যে কর্তৃপক্ষের যে কোন পদক্ষেপের প্রতি সমর্থন ব্যক্ত করা হয়। আ ফ ম মাহবুবুল হক সভায় সভাপতিত্ব করেন।

এদিকে জাতীয়তাবাদী ছাত্র দল এক বিবৃতিতে ছাত্র লীগের (শা-অ) বিবৃতির প্রতিবাদ জানিয়ে বলেছে, ছাত্র দলের সাংগঠনিক ক্ষমতাকে রাজনৈতিকভাবে মোকাবিলার সাহস না পেয়ে, ছাত্র লীগ সারা দেশ থেকে "মাস্তান ও খুনীদের" ঢাকা বিশ্ববিদ্যালয়ে এনে সন্ত্রাস ও নৈরাজ্য সৃষ্টির গভীর ষড়যন্ত্রে লিপ্ত। বিবৃতিতে তাদের এই ষড়যন্ত্র সম্পর্কে দেশবাসী ও ছাত্র সমাজকে সতর্ক থাকার আহবান জানানো হয়।